সূত্র নং-২৮.২০.৯১৫৩.০৫৮.০২.০০২.২২ তারিখঃ ৩১-০৭-২০২২

## নিয়োগ বিজ্ঞপ্তি

সিলেট গ্যাস ফিল্ডস লিমিটেড (এসজিএফএল)-এ নিম্নবর্ণিত শূন্য পদসমূহে জনবল নিয়োগের লক্ষ্যে পদের পাশে উল্লেখিত শিক্ষাগত যোগ্যতা এবং নিম্নবর্নিত শর্তে নির্ধারিত সময়ের মধ্যে অনলাইন (Online) পদ্ধতিতে বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহবান করা যাচ্ছে :

| ক্রমিক | পদের নাম | গ্রেড | বেতনস্কেল-২০১৫ | পদ সংখ্যা | প্রয়োজনীয় শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|---|---|
| ১. | জুনিয়র জেনারেটর অপারেটর | গ্রেড-১৬ | ৯৩০০-২২৪৯০ | ৬ | কারিগরি শিক্ষা বোর্ড হইতে এসএসসি (ভোকেশনাল) পাসসহ সংশ্লিষ্ট কারিগরি বিষয়ে কমপক্ষে ১ বৎসরের অভিজ্ঞতা। |
| ২. | জুনিয়র প্লান্ট অপারেটর | গ্রেড-১৬ | ৯৩০০-২২৪৯০ | ১৬ | |
| ৩. | জুনিয়র ইন্সট্রুমেন্ট মেকানিক | গ্রেড-১৬ | ৯৩০০-২২৪৯০ | ৩ | |
| ৪. | জুনিয়র ফিটার | গ্রেড-১৬ | ৯৩০০-২২৪৯০ | ৪ | |
| ৫. | জুনিয়র ইলেকট্রিশিয়ান | গ্রেড-১৬ | ৯৩০০-২২৪৯০ | ৫ | এসএসসি (ভোকেশনাল) পাশসহ অনুমোদিত প্রতিষ্ঠান হইতে জারীকৃত লাইসেন্স এবং সংশ্লিষ্ট কারিগরি বিষয়ে কমপক্ষে ১ বৎসরের অভিজ্ঞতা। |
| ৬. | জুনিয়র পাম্প অপারেটর | গ্রেড-১৬ | ৯৩০০-২২৪৯০ | ৪ | কারিগরি শিক্ষা বোর্ড হইতে এইচএসসি (ভোকেশনাল) পাসসহ সংশ্লিষ্ট কারিগরি বিষয়ে কমপক্ষে ১ বৎসরের অভিজ্ঞতা। |
| ৭. | জুনিয়র লোডিং অপারেটর | গ্রেড-১৬ | ৯৩০০-২২৪৯০ | ৬ | |
| ৮. | জুনিয়র প্লাম্বার | গ্রেড-১৬ | ৯৩০০-২২৪৯০ | ৩ | |
| ৯. | জুনিয়র কম্পিউটার অপারেটর | গ্রেড-১৬ | ৯৩০০-২২৪৯০ | ১ | কম্পিউটার পরিচালনায় প্রশিক্ষণ সনদপ্রাপ্ত এবং টাইপিং গতি ইংরেজি ও বাংলায় যথাক্রমে মিনিটে ৩৫ ও ৩০ শব্দ এবং কম্পিউটার পরিচালনায় ১ বৎসরের অভিজ্ঞতাসহ ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা এইচএসসি/সমমান পাস। |
| ১০. | জুনিয়র নিরাপত্তা হাবিলদার | গ্রেড-১৬ | ৯৩০০-২২৪৯০ | ৫ | এইচএসসি পাসসহ সামরিক/ আধা-সামরিক/ পুলিশ/ আনসার বাহিনীতে কমপক্ষে ১ বৎসরের পূর্ব অভিজ্ঞতা। |
| ১১. | জুনিয়র স্টোর কিপার | গ্রেড-১৬ | ৯৩০০-২২৪৯০ | ৩ | এইচএসসি/সমমান পাসসহ সংশ্লিষ্ট ক্ষেত্রে ১ বৎসরের পূর্ব অভিজ্ঞতা। |

শর্তাবলী:

১. Online-এ আবেদনপত্র পূরণ সংক্রান্ত শর্তাবলি :

ক. পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক প্রার্থীগণ http://sgfl.teletalk.com.bd ওয়েবসাইটে লগ-ইন করে সংশ্লিষ্ট নির্দেশনা মোতাবেক আবেদনপত্র পূরণ করতে পারবেন। আবেদনের সময়সীমা নিম্নরূপ :

i. Online-এ আবেদনপত্র পূরণ ও পরীক্ষার ফি জমাদান শুরুর তারিখ ও সময়: ০৭-০৮-২০২২ সকাল ১০.০০ ঘটিকা

ii. Online-এ আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময় : ০৬-০৯-২০২২ বিকাল ০৫.০০ ঘটিকা

iii. উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online-এ আবেদনপত্র submit-এর সময় থেকে পরবর্তী ৭২(বাহাত্তর) ঘন্টার মধ্যে SMS-এর মাধ্যমে পরীক্ষার ফি জমা দিতে পারবেন।



**Head Office:** P.O. Chiknagool, Sylhet-3152, Bangladesh. Tel.: 0821-760206, Fax: 0821-761611, **Dhaka Liaison Office:** PETROCENTRE (13th Floor) [illegible]

খ. Online আবেদনপত্রে প্রার্থী তার রঙিন ছবি (দৈর্ঘ্য ৩০০ x প্রস্থ ৩০০) pixel ও স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০ x প্রস্থ ৮০) pixel স্ক্যান করে নির্ধারিত স্থানে upload করবেন। ছবির সাইজ সর্বোচ্চ ১০০KB ও স্বাক্ষরের সাইজ সর্বোচ্চ ৬০ KB হতে হবে।

গ. Online আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু Online-এ আবেদনপত্র submit করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।

ঘ. প্রার্থী Online-এ পূরণকৃত আবেদনপত্রের একটি প্রিন্টকপি পরীক্ষা সংক্রান্ত যে কোন প্রয়োজনের সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন।

ঙ. **SMS প্রেরণের নিয়মাবলী ও পরীক্ষার ফি প্রদান:** Online-এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পুরণ করে নির্দেশনামত ছবি এবং স্বাক্ষর upload করে আবেদনপত্র submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। নির্ভুলভাবে আবেদনপত্র submit করা সম্পন্ন হলে প্রার্থী একটি User ID, ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant's Copy পাবেন। উক্ত Applicant's Copy প্রার্থী download পূর্বক রঙিন প্রিন্ট করে সংরক্ষণ করবেন। Applicant's কপিতে একটি User ID নম্বর দেয়া থাকবে এবং User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন Teletalk pre-paid mobile নম্বরের মাধ্যমে ০২(দুই) টি SMS করে পরীক্ষার ফি বাবদ ১১২/- (একশত বার) টাকা (পরীক্ষার ফি ১০০/- টাকা এবং টেলিটকের সার্ভিস চার্জ ১২/- টাকা) অনধিক ৭২(বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা দিবেন। এখানে বিশেষভাবে উল্লেখ্য, "Online-এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে submit করা হলেও আবেদন ফি জমা না দেয়া পর্যন্ত Online আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না।"

প্রথম SMS: SGFL<space>User ID লিখে Send করতে হবে 16222 নম্বরে।
Example: SGFL ABCDEF
*Reply*: **Applicant's Name, Tk-112/- will be charged as application fee. Your PIN is 12345678**. To pay fee Type SGFL<Space>Yes<Space>
PIN and send to 16222.

দ্বিতীয় SMS : SGFL<space>YES<space>PIN লিখে Send করতে হবে 16222 নম্বরে।
Example: SGFL YES 12345678
Reply: ***Congratulations Applicant's Name, payment completed successfully for SGFL Application for <Post Name> User ID is (ABCDEF) and Password (xxxxxxxx).***
দ্বিতীয় SMS টি পাঠানোর পর ফিরতি SMS এ Password পাবেন। এ Password টি Admit Card (প্রবেশপত্র) Download এর জন্য প্রার্থী সংরক্ষণ করবেন।

চ. প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি http://sgfl.teletalk.com.bd এর ওয়েবসাইটে এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS -এর মাধ্যমে (শুধুমাত্র যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হবে। Online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়।

ছ. SMS-এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও ভেন্যুর নাম ইত্যাদি তথ্য সম্বলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক print (সম্ভব হলে রঙিন) করে নিবেন। প্রার্থী এই প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময়ে এবং উত্তীর্ণ হলে মৌখিক পরীক্ষার সময়ে অবশ্যই প্রদর্শন করবেন। Admit Card (প্রবেশপত্র) Download এর তারিখ পরবর্তীতে SMS এর মাধ্যমে জানানো হবে।



**Head Office:** P.O. Chiknagool, Sylhet-3152, Bangladesh. Tel.: 0821-760206, Fax: 0821-761611, **Dhaka Liaison Office:** PETROCENTRE (13th Floor) 3 Kawran Bazar C/A, Dhaka-1215, Bangladesh. Tel.: 02-55013709, 02-55013710, Fax: 02-55013708, e-mail: dlo@sgfl.org.bd, Website: www.sgfl.org.bd

জ. শুধু টেলিটক প্রি-পেইড মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID, Serial এবং PIN পুনরুদ্ধার করতে পারবেন।

i. User ID জানা থাকলে SGFL<space>Help<space>User<space>User ID & Send to 16222.
Example: SGFL HELP USER ABCDEF & Send to 16222.

ii. PIN Number জানা থাকলে: SGFL<space>Help<space>PIN<space>PIN No & Send to 16222.
Example: SGFL HELP PIN 12345678 & Send to 16222.

ঝ. Online-এ আবেদন করতে কোন সমস্যা হলে টেলিটক নম্বর থেকে ১২১ নম্বরে কল করুন। এছাড়া vas.query@teletalk.com.bd ই-মেইলে যোগাযোগ করা যাবে। (Mail এং Subject এ Organization Name: "SGFL" , Post Name: ***** , Applicant's User ID ও Contact Number অবশ্যই উল্লেখ করতে হবে)

২. লিখিত ও মৌখিক পরীক্ষার নোটিশ প্রার্থী প্রদত্ত মোবাইল নম্বরে SMS এর মাধ্যমে ও SGFL এর ওয়েবসাইটের (www.sgfl.org.bd) মাধ্যমে জানানো হবে।

৩. আবেদন ফরম সঠিকভাবে পুরণ ও বিজ্ঞাপনে বর্ণিত শর্তাদি প্রতিপালন করা হলে সংশ্লিষ্ট প্রার্থীগণ লিখিত পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে। মৌখিক পরীক্ষার জন্য নির্বাচিত প্রার্থীগণের মৌখিক পরীক্ষার সময় আবেদন ফরমে নিম্নবর্ণিত সকল তথ্যের স্বপক্ষে দলিলাদি/মূল সনদপত্র কমিটি/কর্তৃপক্ষের নিকট উপস্থাপন করতে হবে এবং এর ০১(এক) সেট সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে :

(ক) শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা (যদি থাকে)-এর সকল সার্টিফিকেট প্রদর্শন করতে হবে এবং এর সকল সত্যায়িত কপি (এক সেট) জমা দিতে হবে;

(খ) সরকারি/স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানের ১ম শ্রেণির কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদ দাখিল করতে হবে;

(গ) ইউনিয়ন পরিষদ-এর চেয়ারম্যান বা পৌরসভা/সিটি করপোরেশন-এর মেয়র বা ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক প্রার্থীর নিজ জেলা উল্লেখ পূর্বক প্রদত্ত নাগরিকত্ব সনদ দাখিল করতে হবে।

(ঘ) জাতীয় পরিচয়পত্র অথবা জন্মনিবন্ধন সনদপত্র (প্রার্থী কর্তৃক চাকুরির আবেদন ফরমে যে তথ্য প্রদান করা হবে)-এর মূল কপি প্রদর্শন এবং সত্যায়িত কপি দাখিল করতে হবে।

(ঙ) বিদেশী বিশ্ববিদ্যালয়/শিক্ষা প্রতিষ্ঠান হতে অর্জিত ডিগ্রীর ক্ষেত্রে বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন ( UGC ) হতে ইস্যুকৃত সমমান সার্টিফিকেট ( Equivalance Certificate ) এবং "ও" লেভেল, "এ" লেভেলে অর্জিত ডিগ্রীর ক্ষেত্রে ( UGC ) বা শিক্ষা বোর্ড হতে ইস্যুকৃত সমমান সার্টিফিকেট ( Equivalance Certificate ) মৌখিক পরীক্ষার সময় দাখিল করতে হবে।

(চ) সরকারি/আধা-সরকারি/স্বায়ত্বশাসিত সংস্থায় চাকুরীরত প্রার্থীদেরকে মৌখিক পরীক্ষার সময় যথাযথ কর্তৃপক্ষের অনুমতিপত্র প্রদর্শন করতে হবে এবং এর সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে।

(ছ) অনলাইন ( Online ) -এ পূরণকৃত আবেদনপত্রের কপি ( Applicant's Copy ) এবং ২ কপি পাসপোর্ট সাইজের রঙিন ছবি জমা দিতে হবে।

(জ) সকল সার্টিফিকেট/রেকর্ডপত্র সরকারি বা স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানের ১ম শ্রেণির কর্মকর্তা কর্তৃক সত্যায়িত হতে হবে।

৪. জিপিএ/সিজিপিএ ফলাফল প্রাপ্ত প্রার্থীদের শিক্ষাগত যোগ্যতার বিভাগ/শ্রেণী নির্ধারণের ক্ষেত্রে শিক্ষা মন্ত্রণালয়/ইউজিসি কর্তৃক জারীকৃত সংশ্লিষ্ট প্রজ্ঞাপন/পরিপত্র অনুসরণ করা হবে।

৫. আবেদনকারীর বয়স ০৬-০৯-২০২২ তারিখে ১৮-৩০ বছরের মধ্যে হতে হবে। মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা এবং শারীরিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে আবেদনকারীর বয়স সর্বোচ্চ ৩২ (বত্রিশ) বছর। বয়স প্রমাণের ক্ষেত্রে স্বীকৃত শিক্ষা বোর্ড কর্তৃক প্রদত্ত এসএসসি/সমমানের পরীক্ষায় উত্তীর্ণ সনদ-এ উল্লেখিত জন্ম তারিখ প্রকৃত জন্ম তারিখ হিসেবে গণ্য হবে। "ও" লেভেল এবং "এ" লেভেল ডিগ্রিধারী প্রার্থীদের ক্ষেত্রে জন্ম তারিখ সম্বলিত দালিলিক প্রমান জমা দিতে হবে। এনআইডি কার্ড ও শিক্ষা সনদে জন্ম তারিখের ভিন্নতায় আবেদনপত্র বাতিল বলে গন্য হবে। বয়স সংক্রান্ত কোন হলফনামা (Affidavit) গ্রহণযোগ্য হবে না।



**Head Office:** P.O. Chiknagool, Sylhet-3152, Bangladesh. Tel.: 0821-760206, Fax: 0821-761611, **Dhaka Liaison Office:** PETROCENTRE (13th Floor) 3 Kawran Bazar C/A, Dhaka-1215, Bangladesh. Tel.: 02-55013709, 02-55013710, Fax: 02-55013708, e-mail: dlo@sgfl.org.bd, Website: www.sgfl.org.bd

৬. মুক্তিযোদ্ধা মন্ত্রণালয় কর্তৃক স্বীকৃত/জারীকৃত সনদই কেবল মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার ক্ষেত্রে প্রযোজ্য হবে। এ ক্ষেত্রে প্রমাণক হিসেবে মূল সনদপত্র প্রদর্শন ও এর সত্যায়িত কপিসহ চাকুরিপ্রার্থী মুক্তিযোদ্ধা বা শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা এ মর্মে ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান বা পৌরসভা/সিটি করপোরেশনের মেয়র বা ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্র জমা দিতে হবে। প্রতিবন্ধী প্রার্থীদের ক্ষেত্রে সমাজকল্যাণ অধিদপ্তরের অধীন সংশ্লিষ্ট অফিস কর্তৃক প্রদত্ত প্রতিবন্ধি সংক্রান্ত সনদ জমা দিতে হবে।

৭. এ নিয়োগের ক্ষেত্রে সরকারের বিদ্যমান বিধি-বিধান/ নির্দেশনা ও কোটা নীতি অনুসরণ করা হবে এবং পরিবর্তিত ক্ষেত্রে প্রযোজ্য সর্বশেষ বিধিবিধান/ নির্দেশনা অনুসরণ করা হবে।

৮. সরকারি/আধা-সরকারি/স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে চাকরিরত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের অনুমতি গ্রহণ পূর্বক নির্ধারিত সময়সীমার মধ্যে আবেদন করতে হবে।

৯. যে সকল প্রার্থী কোন বিদেশী নাগরিককে বিয়ে করেছেন অথবা বিয়ে করতে প্রতিশ্রুতিবদ্ধ হয়েছেন সে সকল প্রার্থী সরকারের লিখিত অনুমতি ব্যতিরেকে আবেদন করার যোগ্য বলে বিবেচিত হবেন না।

১০. কোন একাডেমিক পরীক্ষার ফলাফল প্রত্যাশী (Appeared) প্রার্থী আবেদনের যোগ্য বলে বিবেচিত হবেন না।

১১. বিবাহিত মহিলা প্রার্থীগণের ক্ষেত্রে স্বামীর স্থায়ী ঠিকানা ব্যবহার করতে হবে।

১২. একজন প্রার্থী ১টি মাত্র পদে আবেদন করতে পারবেন। কোন প্রার্থী একাধিক পদে আবেদন করলে তার সকল আবেদন বাতিল হবে।

১৩. নিয়োগ প্যানেলের কার্যকারিতার মেয়াদ অনুমোদনের তারিখ হতে সর্বোচ্চ ১২ (বার) মাস পর্যন্ত বহাল থাকবে।

১৪. নিয়োগের বিষয়ে কোন প্রকার সুপারিশ বা তদবির প্রার্থীর অযোগ্যতা হিসেবে বিবেচিত হবে।

অসম্পূর্ণ/ভুল তথ্য সম্বলিত/ত্রুটিপূর্ণ এবং চাকুরির বিজ্ঞপ্তিতে প্রকাশিত ন্যূনতম যোগ্যতার সাথে যেমন-বয়স, শিক্ষাগত যোগ্যতা, স্থায়ী ঠিকানা, জাতীয়তা ইত্যাদি যে কোন বিষয়ে অসামঞ্জস্যপূর্ণ তথ্য দ্বারা পূরণকৃত আবেদন নিয়োগের যে কোন পর্যায়ে বাতিল বলে গণ্য হবে। এক্ষেত্রে প্রার্থীর কোন আপত্তি গ্রহণযোগ্য হবে না।

১৬. নিয়োগের যে কোন পর্যায়ে অভিজ্ঞতার সনদ ত্রুটিপূর্ণ পাওয়া গেলে আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।

১৭. কোন প্রার্থী নিয়োগ লাভের পর তার প্রদত্ত কোন তথ্য/অভিজ্ঞতা সনদ মিথ্যা প্রমাণিত হলে নিয়োগ বাতিলসহ তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

১৮. দেশের প্রত্যন্ত অঞ্চলে (এসজিএফএল এর অধিকারভুক্ত এলাকা) কাজ করতে অনাগ্রহী প্রার্থীদের আবেদন করার প্রয়োজন নেই।

১৯. পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ বা অর্থ প্রদান করা হবে না।

২০. এ নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশের কারণে পরীক্ষা গ্রহণ কিংবা প্রার্থীত পদে নিয়োগ প্রদান করতে কর্তৃপক্ষ বাধ্য থাকবে না। কোন কারণ দর্শানো ব্যতিরেকে নিয়োগকারী কর্তৃপক্ষ যে কোন আবেদন গ্রহণ/বাতিল এবং এ নিয়োগ কার্যক্রম আংশিক/সম্পূর্ণ পরিবর্তন/বাতিল এবং পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধির ক্ষমতা সংরক্ষণ করে। এ নিয়োগের ক্ষেত্রে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

২১. নিয়োগ সংক্রান্ত সর্বশেষ তথ্যাদি সিলেট গ্যাস ফিল্ডস লিমিটেড (এসজিএফএল)-এর ওয়েবসাইট (www.sgfl.org.bd) এবং টেলিটক বাংলাদেশ লিমিটেড-এর ওয়েবসাইট (http://sgfl.teletalk.com.bd)-এ প্রকাশিত হবে বিধায় চাকুরি প্রার্থীদের সংশ্লিষ্ট website visit করতে হবে।

07/09/2022

মহাব্যবস্থাপক(প্রশাসন)



**Head Office:** P.O. Chiknagool, Sylhet-3152, Bangladesh. Tel.: 0821-760206, Fax: 0821-761611, **Dhaka Liaison Office:** PETROCENTRE (13th Floor) 3 Kawran Bazar C/A, Dhaka-1215, Bangladesh. Tel.: 02-55013709, 02-55013710, Fax: 02-55013708, e-mail: dlo@sgfl.org.bd, Website: www.sgfl.org.bd